

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৯১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. দ্বিতীয় অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

আরবী

وَعَن عِكْرِمَة قَالَ: قِيلَ لِابْنِ عَبَّاسٍ: مَاتَتْ فُلَانَةُ بَعْضُ أَزْوَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَخَرَّ سَاجِدًا فَقِيلَ لَهُ تَسْجُدُ فِي هَذِهِ السَّاعَةِ؟ فَقَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا رَأَيْتُمْ آيَةً فَاسْجُدُوا» وَأَيُّ آيَةٍ أَعْظَمُ مِنْ ذَهَابِ أَزْوَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيِ

বাংলা

১৪৯১-[১২] 'ইকরামাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার 'আবদুল্লাহ ইবনু 'আব্বাসকে বলা হলো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অমুক স্ত্রী ইন্তিকাল করেছেন। খবর শুনার সাথে সাথে তিনি সাজদায় লুটে পড়লেন। তাঁকে তখন জিজ্ঞেস করা হলো, আপনি কি এ সময় সিজদা্ (সিজদা/সেজদা) করছেন? (অর্থাৎ এটা কি সিজদা্ করার সময়?) তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ তোমরা যখন কোন নিদর্শন দেখবে তখন সিজদা্ (সিজদা/সেজদা) করবে। আর কোন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীর দুনিয়া ত্যাগ করে চলে যাবার চেয়ে বড় নিদর্শন আর কি হতে পারে? (আবু দাউদ, তিরমিয়ী)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১১৯৭, আত্ তিরমিয়ী ৩৮৯১, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৬৩৭৯, সহীহ আল জামি' ৫৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا رَأَيْتُمْ اَيَةً فَاسْجُدُوْ) যখন তোমরা কোন নিদর্শন দেখবে সিজদা (সিজদা/সেজদা) করবে। ত্বীবী বলেন, এই সিজদা (সিজদা/সেজদা) 'আম তথা সাধারণ যদি নিদর্শন দ্বারা সূর্য ও চন্দ্রগ্রহণ হয় তাহলে সিজদা (সিজদা/সেজদা) দ্বারা সালাত (সালাত/নামায/নামাজ) উদ্দেশে হবে। আর যদি অন্য কোন হয় যেমন প্রচন্ড ঝড় এবং ভূমিকম্পন বা অন্য কোনো বিপদ হয় তাহলে সিজদা দ্বারা উদ্দেশ্য স্বভাবিক সিজদা।



(اللَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيِّ النَّبِيّ إِنْ النَّبِيّ النَّالِيّ النَّبِيّ النَّبِيّ النَّبِيّ النَّبِيّ النَّالِيّ النَّبِيّ إِنْ النَّبِيّ النَّبِيّ النَّبِيّ النَّالَةُ اللَّهُ اللَّ

মুল্লা 'আলী কারী বলেন, নিশ্চয় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রীরা বারাকাতপূর্ণ তাদের জীবিত মানুষ হতে 'আযাবকে মানুষ প্রতিহত করে আর তাঁদের ইন্তিকালের কারণে 'আযাবের আশঙ্কা হয়। সুতরাং উচিত হবে তাদের বারাকাতের বিচ্ছিন্নের সময় আল্লাহর যিকর ও সাজদার দিকে ধাবিত হয়ে 'আযাবকে প্রতিহত করতে যিকর ও সালাতের মাধ্যমে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন